গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাজশাহী কলেজ, রাজশাহী

e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com, fax: 02588853145

## একাডেমিক কাউন্সিল সভার কার্যবিবরণী (সংশোধিত)

তারিখ: ০৬/০৯/২০২৬ খ্রি.

আজ ০১/০৯/২০২৬ খ্রি. মঙ্গলবার সকাল ১১:০০ টায় একাডেমিক কাউন্সিলের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অধ্যক্ষ প্রফেসর ড. মোঃ ইব্রাহিম আলী, রাজশাহী কলেজ, রাজশাহী। সভায় বিভিন্ন বিভাগের সম্মানিত বিভাগীয় প্রধানগণসহ একাডেমিক কাউন্সিলের অন্যান্য সদস্য উপস্থিত ছিলেন। সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ পড়ে শুনানো হয়। সভার শুরুতে অধ্যক্ষ মহোদয় আলোচ্য বিষয়ের উপর বিস্তারিত ও দিক নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করে বিভাগীয় প্রধানগণের মতামত আহ্বান করেন। অতঃপর প্রফেসর মোঃ গোলাম রাব্বানী, প্রফেসর মোঃ সাইফুল ইসলাম, প্রফেসর ড. শাহ মোঃ মাহবুবুল আলম, প্রফেসর মোঃ মহিউল ইসলাম তালুকদার, প্রফেসর সাগর কুমার মণ্ডল, প্রফেসর মোঃ আলাউদ্দীন, মোঃ আমিনুল ইসলাম প্রমুখ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**উপস্থিতি: পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য**

| ক্র:নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | **উচ্চমাধ্যমিক ভর্তি ও একাডেমিক ক্যালেন্ডার** | **উচ্চমাধ্যমিক ভর্তি ও একাডেমিক ক্যালেন্ডার** | (ক) ক্লাস টেস্ট সিলেবাস বিন্যাস করা হবে;<br>(খ) এইচএসসি-বিজ্ঞান-২০ (বিশ)টি আসন বৃদ্ধি;<br>(গ) একাদশ ভর্তি মানবিক-১০ (দশ)টি আসন বৃদ্ধি;<br>(ঘ) ব্যবসায় শিক্ষা-১০ (দশ)টি আসন বৃদ্ধি। | প্রশাসন |
| ২ | ইংলিশ ভার্সন চালু | ইংলিশ ভার্সন চালু | উচ্চ মাধ্যমিক শ্রেণিতে ইংরেজি ভার্সন চালু না করার সিদ্ধান্ত। | স্ব স্ব বিভাগ |
| ৩ | ইনকোর্স ও অভ্যন্তরীণ পরীক্ষা | ইনকোর্স ও অভ্যন্তরীণ পরীক্ষা | (ক) ইনকোর্স ও অভ্যন্তরীণ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক কলেজের কেন্দ্রীয় রুটিন অনুযায়ী অনুষ্ঠিত হবে। [বিভাগসমূহে নিয়মিত মাসে একাডেমিক কার্যক্রম ও আর্থিক বিষয়ে আলোচনার জন্য সভার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়]<br>(খ) ইনকোর্স পরীক্ষা ও ক্লাসে নিয়মিত উপস্থিত না হলে পরপর WhatsApp গ্রুপে পরপর তিনটি নোটিশ করতে হবে। | স্ব স্ব বিভাগ |
| ৪ | চলমান শ্রেণি কার্যক্রম পর্যালোচনা | চলমান শ্রেণি কার্যক্রম পর্যালোচনা | (ক) সকল বিভাগ বর্ষভিত্তিক WhatsApp গ্রুপে উপাধ্যক্ষকে সংযুক্ত করবেন।<br>(খ) প্রেজেন্টেশনের জন্য ডিজিটাল পদ্ধতি সম্ভব না হলে ম্যানুয়েলি শিক্ষার্থীদের ডায়াসে নিয়ে এসে উপস্থাপনের ব্যবস্থা করা।<br>(গ) নন মেজর ও বাংলাদেশের ইতিহাস বিষয়ে অ্যাসাইনমেন্ট জমা নেয়া। | স্ব স্ব বিভাগ |
| ৫ | ১৫০তম বর্ষপূর্তি উদ্‌যাপন | ১৫০তম বর্ষপূর্তি উদ্‌যাপন | (ক) মিডিয়া ও প্রচার উপ-কমিটি গঠন।<br>(ক) নিবন্ধন উপ-কমিটি গঠন।<br>(গ) র‍্যালি ও কিটস উপ-কমিটির অনুমোদন:<br>* Rajshahi College Er 150 Tomo Barshapurtee Ujjapon' (No. 1601000693890) হিসাবটি নিম্নবর্ণিত ০৩(তিন) জন ব্যক্তির যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। এই হিসাবটি একাডেমিক কাউন্সিলের অনুমোদনক্রমে খোলা হয় এবং তা শুধু ১৫০তম বর্ষপূর্তি উদ্‌যাপন এর আয় ও ব্যয় নির্বাহের জন্য পরিচালিত হবে।<br>(১) আহ্বায়ক: প্রফেসর ড. মোঃ ইব্রাহিম আলী<br>(২) সদস্য-১: প্রফেসর ড. মোঃ হাবিবুর রহমান<br>(৩) সদস্য সচিব-২: জনাব মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ সালাম বিপ্লব। | প্রশাসন |
| ৬ | বিবিধ | বিবিধ | (ক) ক্যামেরা স্থাপন, দশতলা ভবনে সেন্ট্রাল মনিটরিং ব্যবস্থা চালুকরণসহ মাল্টিমিডিয়া ও প্রজেক্টর এবং সাউন্ড সিস্টেম স্থাপনের প্রয়োজনীয় অর্থ সংস্থানের জন্য কেন্দ্রীয় তহবিলে (Ac/No-9388) বিভিন্ন সময় জমাকৃত অব্যয়িত অর্থ থেকে ব্যয়ের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৯/২০২৬
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী